

‘Journey of Carrier 2’ শীর্ষক দুই দিনব্যাপী সেমিনারের উদ্বোধন



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট ক্লাবের আয়োজনে বিডিজবস্ ডট কম-এর পৃষ্ঠপোষকতায় ‘Journey of Carrier 2’ শীর্ষক দুই দিনব্যাপী সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠান ২৪ সেপ্টেম্বর-২০১৮, সোমবার সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের সহযোগী অধ্যাপক ও ক্লাবের উপদেষ্টা মো: মিজানুর রহমান-এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো: গোলাম মোস্তফা। অনুষ্ঠানের সমন্বয়কারী হিসেবে ছিলেন বিভাগের সহযোগী ও উপদেষ্টা অধ্যাপক মো: শফিকুল ইসলাম।

উক্ত অনুষ্ঠানে ক্যারিয়ার সম্পর্কিত একটি প্যানেল ডিসকাশন অনুষ্ঠিত হয়। প্যানেলের মডারেটর হিসেবে ছিলেন বিডি জবস ডট কম-এর চিফ কমার্শিয়াল

অফিসার প্রকাশ রয় চৌধুরী। এছাড়াও প্যানেলে উপস্থিত ছিলেন এদের মধ্যে তিনটি কোম্পানির তিনজন মানবসম্পদ বিভাগের প্রধান এবং ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের সহকারী অধ্যাপক সুমন কুমার মজুমদারসহ মোট ৪জন প্যানেলিস্ট হিসেবে উপস্থিত ছিলেন। তারা ক্যারিয়ার সম্পর্কিত বিভিন্ন বিষয় নিয়ে কথা বলেন এবং অংশগ্রহণকারীদের বিভিন্ন প্রশ্নের উত্তর প্রদান করেন। এসময় ছাত্র-ছাত্রীদের ভবিষ্যতে চাকরি পাওয়ার ক্ষেত্রে বিভিন্ন দক্ষতার উন্নয়ন করার পরামর্শ দেন।